

জি -২০ শিখর সম্মেলনে প্রধানমন্ত্রী এবং কোরিয়া প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট, ইতালির প্রধানমন্ত্রী এবং নরওয়ের প্রধানমন্ত্রীর মধ্যে বৈঠক, হামবুর্গে

হামবুর্গে জি-২০ শিখর সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী আজ বৈঠক করলেন কোরিয়া প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট মহামান্য জনাব মুন জে-ইন-এর সঙ্গে। প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হওয়ার জন্য প্রেসিডেন্ট মুনকে ব্যক্তিগতভাবে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী তাঁকে ফোন করে শুভেচ্ছা জানিয়ে ছিলেন, সে কথা পুনর্ব্যক্ত করেন প্রেসিডেন্ট এবং কোরীয় ভাষায় প্রধানমন্ত্রীর টুইটরে কথাও বলেন, যা দক্ষিণ কোরিয়ার মানুষের হৃদয় জয় করে নিয়েছে। উভয় নেতা ভারত-দক্ষিণ কোরিয়ার মধ্যে কুটনৈতিক সম্পর্ককে আরও মজবুত করার বিষয়ে নিজেদের প্রতিশ্রূতির কথা পুনর্ব্যক্ত করেন বিশেষ করে মেক ইন ইন্ডিয়া, ডিজিটাল ইন্ডিয়া, স্টার্ট আপ ইন্ডিয়া ইত্যাদি ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। প্রধানমন্ত্রী প্রেসিডেন্ট মুনকে শীঘ্রই ভারত সফরের জন্য আমন্ত্রণ জানান। এই আমন্ত্রণ গ্রহণ করা হয়েছে।

প্রধানমন্ত্রী মোদী এবং ইতালির প্রধানমন্ত্রী মহামান্য জনাব পাওলো জেনেলিনি তাঁদের বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্ক বিশেষ করে বাণিজ্য এবং বিনিয়োগ, মানুষ-মানুষে যোগাযোগের উপর বিশেষ গুরুত্ব দেন। প্রধানমন্ত্রী মোদী ‘ওয়াল্ড ফুড ইন্ডিয়া’তে ইতালিকে অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানান— যে খাদ্য প্রক্রিয়াকরণের প্রদর্শনী আয়োজন করা হবে এ বছরের নভেম্বরে নয়াদিল্লিতে। দ্বিপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা জোরদার করার জন্য দু'দেশের মধ্যম বাণিজ্যিক সংস্থাগুলির মধ্যে পারস্পরিক সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করেন দুই নেতাই। শিল্প ক্ষেত্র-সহ তাঁর দেশে ভারতীয় বিনিয়োগের প্রশংসা করেন ইতালির প্রধানমন্ত্রী। জলবায়ু পরিবর্তন এবং আফ্রিকার উন্নয়নের জন্য মজবুত সমাধান খোঁজার লক্ষ্যে উভয় নেতা এক সঙ্গে কাজ করার বিষয় নিয়ে আলোচনা করেন।

প্রধানমন্ত্রী মোদী এবং নরওয়ের প্রধানমন্ত্রী মাননীয়া শ্রীমতি আর্না সোলবার্গ দ্বিপাক্ষিক বিষয় বিশেষ করে অর্থনৈতিক সম্পর্ককে মজবুত করার বিষয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রী মোদী জাতীয় ক্ষেত্রে বিনিয়োগ এবং পরিকাঠামোগত ক্ষেত্রে বিনিয়োগের জন্য নরওয়েকে আমন্ত্রণ জানান। নরওয়ের প্রধানমন্ত্রী ভারতকে আমন্ত্রণ জানান ইউএনজিএ-এর মাঝে সামুদ্রিক সম্মেলনে অংশ গ্রহণের জন্য। বৈঠকের একেবারে শেষে স্থিতিশীল উন্নয়নের প্রতীক হিসাবে প্রধানমন্ত্রী সোলবার্গ প্রধানমন্ত্রী মোদীর হাতে একটি এসডিজি (সাস্টেন্যবল ডেভলপমেন্ট গোলস) লেখা ফুটবল তুলে দেন।

নয়াদিল্লি

৮ জুলাই ২০১৭